



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ২৯.০৯.২০২৪

প্রেস রিলিজ

পাবিপ্রবি উপাচার্যের সাথে কর্মকর্তাদের মতবিনিময়

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল এর সাথে বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকর্তাদের সাথে আজ (২৯ সেপ্টেম্বর) এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। দুটি পর্বে সকাল ১০টা থেকে ১২টা এবং দুপুর ২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল কর্মকর্তাদের উদ্দেশে বলেন, প্রথমে বিশ্ববিদ্যালয়কে জাতির সামনে তুলে ধরতে হবে এবং পরবর্তীতে আন্তর্জাতিক পরিমন্ডলে ভালো অবস্থান তৈরি করতে হবে। আমার শতভাগ প্রচেষ্টা দিয়ে আপনাদের সহযোগিতায় বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যাব। বিশ্ববিদ্যালয়ের এক্সপোজ বাড়তে হবে। আপনাদের সকলের আন্তরিকতা ও সহযোগিতা প্রত্যাশা করছি।

তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয় ভালো করলে এর থেকে আপনারাই বেশি উপকৃত হবেন, তারপর এই এলাকার জনগণ এবং দেশ উপকৃত হবে। বিভিন্ন ধরনের সমস্যা থাকবে, সেই সমস্যাগুলো আন্তে আন্তে সমাধান করার সর্বোচ্চ চেষ্টা করা হবে। দেশকে সেবা দেওয়ার মানসিকতা তৈরি করতে হবে। তিনি আরও বলেন, আমি একটি সুন্দর সিস্টেম অনুসরণ করতে চাই। আমাদের মধ্যে জ্ঞানের পরিধি বাড়তে হবে। নতুন জ্ঞানের সাথে নিজেকে খাপ খাইয়ে মানিয়ে নিতে হবে। নতুন করে নতুন চিন্তা সুন্দর বাংলাদেশ গঠন করতে হবে।

বার্তা প্রেরক

মো. বাবুল হোসেন

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।